



জনগণের দাবি উপেক্ষা করলে রাজপথে নামবে জামায়াত: মিয়া গোলাম পরওয়ার



সংগৃহীত ছবি

অন্তর্বর্তী সরকার জনগণের দাবি বাস্তবায়নের পথে হাঁটছে না বলে অভিযোগ করেছেন জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার। তিনি সতর্ক করে বলেন, যদি দাবি পূরণ না হয়, তবে রাজপথে আন্দোলনের মাধ্যমে তা আদায় করা হবে। এছাড়া তিনি জুলাই সনদের ভিত্তিতে ফেব্রুয়ারির মধ্যেই নির্বাচন আয়োজনের দাবি জানান এবং দলীয় কর্মসূচির অংশ হিসেবে গণসংযোগ, গণমিছিল ও স্মারকলিপি প্রদানের ঘোষণা দেন।

জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার অভিযোগ করেছেন যে, অন্তর্বর্তী সরকার জনগণের ন্যায্য দাবি বাস্তবায়নের পথে এগোচ্ছে না। তিনি বলেন, সরকার গণদাবি উপেক্ষা করলে জামায়াত রাজপথে নেমে আন্দোলনের মাধ্যমে দাবি আদায় করবে।

মঙ্গলবার (৩০ সেপ্টেম্বর) দুপুরে মগবাজারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ মন্তব্য করেন। এসময় তিনি জুলাই সনদের ভিত্তিতে আগামী ফেব্রুয়ারিতেই জাতীয় নির্বাচন আয়োজনের আহ্বান জানান। অন্যথায় রাজপথে কঠোর আন্দোলনের হুঁশিয়ারি দেন তিনি।

দলীয় প্রতিক ইস্যু প্রসঙ্গে মিয়া গোলাম পরওয়ার বলেন, সাম্প্রতিক বৈঠকে পরীক্ষামূলকভাবে একটি প্রতীক প্রদর্শন করা হয়েছে, তবে সেটি চূড়ান্ত নয়। তিনি আরও উল্লেখ করেন, পূর্বে ঘোষিত ৫ দফা দাবি জনগণের ব্যাপক সমর্থন পেয়েছে এবং এই দাবিকে কেন্দ্র করেই নতুন আন্দোলন গড়ে তোলা হবে।

এ সময় তিনি নতুন কর্মসূচির ঘোষণা দেন। কর্মসূচির মধ্যে রয়েছে—১ অক্টোবর থেকে ৯ অক্টোবর পর্যন্ত দেশব্যাপী গণসংযোগ, ১০ অক্টোবর সারাদেশে গণমিছিল এবং ১২ অক্টোবর জেলা প্রশাসক বরাবর স্মারকলিপি প্রদান।